5000Rs.

INDIA NON JUDICIAL

५०००रु. Rs.5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

58 (A)

(A) 1989·56
2·40
1991·90

L.T.I of Sm. Charubala Sen by the pen of Sabari Sen.

[illegible] Sub-Registrar
[illegible] 24-Parganas.
17·2·23

ফ্যামিলি সেটেলমেন্ট

বা

পারিবারিক বন্দোবস্ত –

---

সেটলার :– শ্রীমতী চারু বালা সেন
স্বামী স্বর্গীয় প্রতাপ চন্দ্র সেন,
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী,
সাং ৯৭এ নং হরিশ মুখার্জী রোড,
থানা ভবানীপুর, কলিকাতা

ট্রাস্টী :– ১। শ্রীমতী চারু বালা সেন
স্বামী স্বর্গীয় প্রতাপ চন্দ্র সেন
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী।

২। শ্রী নির্মল চন্দ্র সেন পিতা স্বর্গীয় প্রতাপ
চন্দ্র সেন, জাতি হিন্দু, পেশা চিকিৎসক।

996(3)
Anjali Sen
Anr
5000/-
18/2/82

990(3) Rs 5000/-
2000/-
200/-
Rs 7200/-

Presented for Registration at 1-15 P.M. on the 17th day of Feb 19
at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Sm. Charubala Sen Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for Executant / Claimant under Power of attorney No of 19 authenticated by Registrar of

District Sub-Registrar
Alipore, 24-Parganas

17-2-83

Sm. Charubala Sen
of Lt Pratap Ch. Sen
97, Harish Mukherjee Rd.
Bhowanipur
Calcutta
Hindu
Household

x Sm. Charubala Sen
by the pen of
Anjali Sen

x

Sm. Charubala Sen
by the pen of
Anjali Sen

Anjali Sen

District Sub-Registrar
Alipore, 24-Parganas
17-2-83

Anjali Sen,
Advocate

2000 Rs.

INDIA NON JUDICIAL

२००० रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES



L. T. I of Sm. Charubala Sen by the pen of Sabari Sen.

ট্রাস্টী ঃ- ৩। শ্রী শরৎ চন্দ্র সেন পিতা স্বর্গীয়
প্রতাপ চন্দ্র সেন, জাতি হিন্দু, পেশা ব্যবসায়ী,

৪। শ্রীমতী রেনুকা সেন পিতা স্বর্গীয় প্রতাপ
চন্দ্র সেন, জাতি হিন্দু, পেশা শিক্ষয়িত্রী ,

সর্ব্ব সাং ৯৭এ নং হরিশ মুখার্জ্জী রোড,
থানা ভবানীপুর, কলিকাতা -

কস্য পারিবারিক বন্দোবস্ত পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ--

জেলা ২৪ পরগণা থানা ভবানীপুর সবরেজেষ্ট্রী আলিপুর এলাকাধীন কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত কমবেশ ৬ ছয় কাঠা জমি সহ উহার কিয়দংশের উপরিস্থিত গৃহাদি আমি এই দলিলের সেটলর , আমার ষোল আনা স্বত্ব দখলী সম্পত্তি হইতেছে যাহা আমি আংশিক আমার কন্যা -

996(3)
Anjali Sen
Arv
2000/-
13/2/84

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
24 PARGANAS, ALIPORE

District Sub-Registrar
Alipore, 24-Parganas
17.2.83

200Rs.




L. T. I of Sm. Charubala Sen by the pen of Sabari Sen



রেনুকা সেনকে ভাড়া দিয়াছি ও তথায় সে স্কুল করিয়া পরিচালনা করিতেছে এবং উক্ত আয় হইতে আমি আমার ভরনপোষনের জন্য ব্যয় করিতেছি ও বাড়ীর ট্যাকস ইত্যাদি বাবদ ব্যয় করিতেছি ও আংশিক খাসে নিজ পরিবারবর্গ লইয়া বসবাস দ্বারা এবং মালিকের যাবতীয় স্বত্ব পরিচালনে ট্যাকসাদি আদায় দিয়া এযাবৎকাল অন্যের বিনা স্বত্ব সংশ্রবে স্বত্ববান ও দখলিকার আছি ।

মানবজীবন ক্ষণভঙ্গুর কখন কি হয় বলা যায় না সেকারন সময় থাকিতে আমার স্বত্ব দখলী উপরি লিখিত সম্পত্তি যাহা নিম্ন তপশীলে বিশেষরূপে বর্ণিত হইল তৎ সম্বন্ধে একটি সুষ্ঠু বিলি ব্যবস্থা করিবার ইচ্ছা কিছুকাল যাবৎ হৃদয়ে পোষণ করিতেছি । আমার আশঙ্কা যে আমার জীবর্দ্দশায়

996(3)

Anjali Sen
Adv.

200/-

13.2.84

THE DISTRICT SUB-REGISTRA

…GANAS AL…

…Sub-Registrar
…ore, 24-Par…

17.2.83

L.T.I. of Sm. Charubala Sen by the pen of Sabari Sen.



আমার সম্পত্তি সম্বন্ধে বিলি ব্যবস্থা না করিলে, আমার উত্তরাধিকারীগনের মধ্যে আমার ত্যক্ত সম্পত্তি লইয়া বিবাদ বিসম্বাদ মনান্তর বা মতান্তর হইতে পারে, যাহা আমার অভিপ্রেত নহে ।

আমার সংসার বলিতে আমার জ্যেষ্ঠ পুত্র শ্রী নির্ম্মল চন্দ্র সেন, তাহার স্ত্রী, তাহার একমাত্র পুত্র দিব্যদ্যুতি সেন এবং একমাত্র কন্যা শ্রীমতী চিত্ররেখা সরকার । আমার কনিষ্ঠ পুত্র শ্রী শরৎ চন্দ্র সেন, আমার একমাত্র - কন্যা শ্রীমতী রেনুকা সেন, আমার কনিষ্ঠ পুত্র এবং কন্যা অবিবাহিত ।

এক্ষনে অত্র দলিল সহি সম্পাদন পূর্ব্বক আমার স্বত্ব দখলী নিম্ন - তপশীল বর্ণিত ৯৭এ নং হরিশ মুখার্জ্জি রোড প্রেমিসেস ভুক্ত সমুদয় সম্পত্তির বিলি ব্যবস্থা, রক্ষনাবেক্ষন প্রসার বর্দ্ধন জন্য নিম্ন সর্ত্ত সম্বলিত অত্র পারিবারিক বন্দোবস্ত পত্র দলিল সম্পাদন করিলাম ।

সর্ত্ত যথা ঃ-

১। আমি সেটলার শ্রীমতী চারু বালা সেন, আমার জ্যেষ্ঠ পুত্র শ্রী নির্ম্মল চন্দ্র সেন, আমার কনিষ্ঠ পুত্র শ্রী শরৎ চন্দ্র সেন, আমার কন্যা শ্রীমতী রেনুকা সেন ট্রাস্টী নিযুক্ত হইলেন এবং আমি সেটলার উক্ত ট্রাস্টীগনের বরাবর নিম্ন - ক - তপশীল বর্ণিত ৯৭এ নং হরিশ মুখার্জ্জী রোড প্রেমিসেস ভুক্ত সমুদয় সম্পত্তি হস্তান্তর ও অর্পন করিলাম এবং উক্ত সম্পত্তি এখন হইতে বন্দোবস্ত কৃত বা ট্রাস্ট সম্পত্তি বলিয়া গণ্য ও পরিচিত হইবে ।

২। উক্ত ট্রাস্ট কৃত বা বন্দোবস্তকৃত সম্পত্তি সেটলার হিসাবে আমার দান বিক্রয় বন্ধকাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর করিবার কোন অধিকার রহিল না।

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
24 PARGANAS, ALIPORE

District Sub-Registrar
Alipore, 24-Parganas
17.2.83

L.T.I. of Sm. Charubala Sen by the pen of Sabari Sen.



অত্র দলিলের দ্বারা নিযুক্ত ট্রাস্টীগণ একযোগে ট্রাস্টী হিসাবে ট্রাস্ট কৃত বা বন্দোবস্তকৃত সম্পত্তির যাবতীয় দেখাশুনা, সংরক্ষন, প্রসার ও পরিবর্ত্তন আদির দ্বারা উন্নতি সাধন করিতে পারিবে, তবে আমি সেটলার ট্রাস্টী যতদিন কালতক জীবিত থাকিব ততদিন সম্পত্তির পরিচালনার ব্যাপারে আমার মতামত প্রাধান্য পাইবে এবং আমার মৃত্যুর পর আমার জ্যেষ্ঠপুত্র অত্র ২ নং ট্রাস্টী শ্রী নির্ম্মল চন্দ্র সেনের মতামত প্রাধান্য পাইবে এবং তাহার মৃত্যুর পর আমার কনিষ্ঠ পুত্র শ্রী শরৎ চন্দ্র সেনের মতামত প্রাধান্য পাইবে ।

৩। বন্দোবস্তকৃত সম্পত্তির দ্বিতলের পশ্চিম দিকের ঘর খানি ও তৎ সংলগ্ন বারান্দা এবং দোতলার পূর্ব্ব দিকস্থ কলতলা, বাথরুম মায় দোতলায় উঠিবার সিঁড়ি আমি অত্র সেটলার ট্রাস্টী আজীবন ভোগদখল করিব ।

৪। আমার জ্যেষ্ঠ পুত্র অত্র ২নং ট্রাস্টী শ্রী নির্ম্মল চন্দ্র সেন তাহার জীবন কালতক দোতলার পূর্ব্বদিকের একখানি ঘর যাহাতে সে বসবাস করিতেছে এবং দোতলায় দক্ষিন পূর্ব্বদিকে ছোট একখানি ঘর যাহা রান্নাঘর হিসাবে ব্যবহার হইতেছে ঐ ঘর খানি সমেত একতলায় গ্যারেজ সহ আজীবন ভোগদখল করিবে ইহা ব্যতীত অন্যান্য ট্রাস্টীদের সহিত যৌথ ভাবে দোতলায় উঠিবার সিড়ি এবং দোতলায় পূর্ব্ব দিকের কল পায়খানা আজীবন ব্যবহার করিবে ।

৫। আমার কনিষ্ঠ পুত্র অত্র ৩ নং ট্রাস্টী বন্দোবস্ত কৃত সম্পত্তির - মেজেনাইন রুম আজীবন ভোগদখল করিবে ইহা ব্যতিত অন্যান্য ট্রাস্টীদের - সহিত আজীবন দোতলায় উঠিবার সিঁড়ি ও একতলার পশ্চিম দিকের কলতলা ও পায়খানা ভোগদখল করিবে ।

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR 24 PARGANAS, ALIPORE

District Sub-Registrar
Alipore, 24 Parganas

17.2.83

৬। আমার কনিষ্ঠ কন্যা শ্রীমতী রেনুকা সেন অত্র ৪ নং ট্রাস্টী - বন্দোবস্ত কৃত সম্পত্তির একতলায় পূর্ব্বদিকে লাগোয়া যে দুইখানি ঘর আছে সেই দুই খানি ঘরের মধ্যে পশ্চিম দিকের ঘর খানি এবং একতলায় ছোট রান্না ঘর ও পূর্ব্ব দিকের পায়খানা অন্যান্য ট্রাস্টীদের সহিত যৌথ ভাবে জীবন কালতক ব্যবহার করিতে পারিবে। ইহা ব্যতীত একতলায় ঢাকা বারান্দা বা চাতালে যেখানে দুর্গা পূজা হয় এবং একতলায় পশ্চিম দিকে যে বসিবার ঘর খানি আছে তাহা আমি আমার কনিষ্ঠ কন্যা শ্রীমতী রেনুকা সেনকে ভাড়া দিয়াছি ও সে সেখানে স্কুল করিয়া পরিচালনা করিতেছে তাহা সে তাহার জীবন কালতক অবধি পরিচালনা করিতে পারিবে এবং ঐ ভাড়া বাবদ আমার যাহা আয় হইতেছে তাহা আমি আমার যাবতীয় ব্যয় মায় ঔষধ পত্রাদি রাহা খরচাদি ইত্যাদি এবং ৯৭এ হরিশ মুখার্জ্জি রোডের প্রেমিসেসের ট্যাকসাদি ও সমস্ত প্রকার মেরামত ও পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন হইতেছে এবং হইবে।

৭। আমার জ্যেষ্ঠ পুত্রের একমাত্র পুত্র শ্রী দিব্যদ্যুতি সেন বন্দোবস্তকৃত সম্পত্তির দ্বিতলে পশ্চিম দিকের যে ঘর খানিতে সে বসবাস করিতেছে এবং তদ সংলগ্ন পশ্চিম দিকে ছোট একখানি ঘর একক ভাবে এবং দোতলায় উঠিবার এবং দোতলায় পূর্ব্ব দিকে যে কলতলা ও পায়খানা আছে তাহা অন্যান্য - ট্রাস্টীগনের সহিত এই ট্রাস্ট বলবৎ থাকা কালিন ভোগদখল করিবে।

৮। বন্দোবস্তকৃত সম্পত্তির আয় বলিতে লতিকা মেমোরিয়াল সেনট্রার স্কুল হইতে আদায়ীকৃত ভাড়া ব্যতীত আমার আর কোন আয় নেই এবং ঐ ভাড়া বাবদ আদায়ীকৃত অর্থ ট্যাকস আদি পরিশোধ করিয়া এবং মেরামতাদির

L.T.I. of Sm. Charubala Sen by the pen of Sabari Sen.

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
24-PARGANAS, ALIPORE

District Sub-Registrar,
Alipore, 24-Parganas.

17.2.83

L. T. I of Sm. Charubala Sen by the pen of Sabari Sen.

ব্যয় নির্ব্বাহ করিয়া যাহা উদ্বৃত্ত থাকিবে তৎ সমুদয় অত্র সেটলার ট্রাস্টী শ্রীমতী চারু বালা সেনের যাবতীয় ব্যয় যায় ঔষধ পত্রাদি সহ বাবদ ব্যয় হইবে ও তিনি ভোগ করিবেন ও নিজ ইচছামত ব্যয় করিবেন এবং উক্ত - সেটলার ট্রাস্টীর মৃত্যুর পর উক্ত প্রকার উদ্বৃত্ত অর্থ বক্রী জীবিত ট্রাস্টীগণ তুল্যাংশে ভোগ করিবেন ।

৯। অত্র ট্রাস্ট দলিল বা বন্দোবস্ত পত্রের সকল ট্রাস্টীগনের মৃত্যুর সহিত অত্র কৃত ট্রাস্ট ধ্বংস প্রাপ্ত হইয়া বন্দোবস্তকৃত সম্পত্তির অংশ যাহা নিম্ন - খ - তপশীলে বর্ণিত হইল তৎ সমুদয় আমার জ্যেষ্ঠ পুত্র শ্রী নির্ম্মল চন্দ্র সেনের একমাত্র পুত্র দিব্যদ্যুতি সেন নিব্যূঢ় স্বত্বে যাবতীয় হস্তান্তরের ক্ষমতাযুক্তে প্রাপ্ত হইবে এবং বাকি অংশ যাহা - গ - তপশীলে বর্ণিত হইল অর্থাৎ একতলার পূর্ব্বদিকের ঘর খানি এবং ছোট ঘর খানি যেখানে উপস্থিত ইলেকট্রিক পাম্প আছে ঐ ঘর খানি এবং পূর্ব্বদিকের কলতলা পায়খানা যৌথ ভাবে আমার জ্যেষ্ঠ পুত্র শ্রী নির্মল চন্দ্র সেনের একমাত্র কন্যা শ্রীমতী চিত্ররেখা সরকার স্বামী শ্রী অশোক সরকার ও পুত্র কন্যাগণ যতদিন জীবিত থাকিবে ততদিন কালতক ভোগদখল করিবে তাহাতে কেহ কোন আপত্তি করিতে পারিবে না ।তাহার পর দিব্যদ্যুতি সেন নিব্যূঢ় সত্বে পাইবে ।

১০। ষ্ট্যাম্পের মূল্য নির্দ্ধারনের জন্য সেটেলমেনট কৃত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির মূল্য আনুমানিক সমগ্র সম্পত্তির মূল্য দুই লক্ষ টাকা ।

১১। অত্র বন্দোবস্ত পত্র রহিত বাতিল বা রূপান্তর করিবার ক্ষমতা অত্র সেটলারের রহিল না ।

এতদর্থে সুস্থ শরীরে সরল

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
24 PARGANAS, ALIPORE

District Sub-Registrar
Alipore, 24-Parganas

17·2 87

চিত্তে অন্যের বিনা প্ররোচনায় লিখিত এই বন্দোবস্ত পত্র পড়িয়া বুঝিয়া মর্ম্ম ও ফলাফল সম্যক অবগত হইয়া সহি সম্পাদন করিলাম। ইতি তাং ইং সন ১৯৮৪ সালের - ১৭ই ফেব্রুয়ারী মোতাবেক বাংলা সন ১৩৯০ সালের - ৪ঠা ফাল্গুন।

L.T.I of Sm. Charubala Sen by the pen of Sabari Sen.

তপশীল - ক -

বন্দোবস্ত কৃত সম্পত্তির বিবরন -

জেলা ২৪ পরগণা, থানা ভবানীপুর, সাবরেজেষ্ট্রী আলিপুরের এলাকাধীন কলিকাতা কর্পোরেশানের ৯৭ এ হরিশ মুখার্জ্জী রোড প্রেমিসেস ভূক্ত আলিপুর কালেক্টারির ২৮৩৩ নং তৌজি ভূক্ত ও ২৪৩ হোল্ডিং ৬ ডিবিশান ই সাবডিভিশান মৌজা কালিঘাট গ্রামে ।১ পৌনে ছয় কাঠা জমি ও মায় কিয়দংশের উপর ৯৭এ হরিশ মুখার্জ্জী রোড দ্বিতল প্রেমিসেস ও কিয়দংশ খালি জমি ও সম্পত্তিতে প্রবেশের জন্য দক্ষিন দিকের প্রবেশ পথ সহ পূর্ব্ব পশ্চিম - দিকের প্যাসেজ এবং পশ্চিম দিকের গ্যারেজ এবং একতলায় তিন খানি কামরা ও ছোট দুই খানি ঘর,বারান্দা, চাতাল সহ দোতালায় উঠিবার সিঁড়ি মায় দোতলায় তিন খানি বড় কামরা ও দুই খানি ছোট কামরা সহ দক্ষিন দিকের বারান্দা ও মেজেনাইন রুম ও একতলায় এবং দোতলায় কলতলা পায়খানা সহ সর্ব্ব প্রকার ইজমেন্ট রাইট ও সৃত্বাদি সহ এবং পাণীয় জলের কল ইলেকট্রিক - লাইন মিটার অপরিশোধিত জলের কল ড্রেণ পায়খানা সহ দরবস্ত হক হকুক বন্দোবস্ত কৃত সম্পত্তি হইতেছে।

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
24-PARGANAS, ALIPORE

District Sub-Registrar
Alipore, 24-Parganas

17.2.83

L. T. I of Sm. Charubala Sen by the pen of Sabari Sen.

খ তপশীল

শহর কলিকাতা , থানা ভবানীপুর, সাবরেজেষ্ট্রী আলিপুরের এলাকাধীন কলিকাতা কর্পোরেসানের ৯৭এ হরিশ মুখাজর্জী রোডের প্রেমিসেস ও তদ্ সংলগ্ন খালি জমি সায় একতলার গ্যারেজ দক্ষিন দিকের প্যাসেজ সহ চাতাল বারান্দা এবং দোতলার সমস্ত কামরা মেজেনাইন রুম সহ কল তলা পায়খানা দোতলার সিঁড়ি এবং একতলার - বসিবার ঘর ও পশ্চিম দিকের ঘর এবং সমস্ত কলতলা পায়খানা সহ সর্ব্বপ্রকার ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ পাণীয় জলের কল ইলেকট্রিক লাইন মিটার অপরিশোধিত জলের কল ড্রেণ পায়খানা লাইন কেবলমাত্র একতলার পশ্চিম দিকের ঘর খানি ও ছোট ঘর খানি ব্যতিত সমূহ একতলার যাবতীয় ঘর সমূহ সম্পত্তি হইতেছে ।

গ - তপশীল

শহর কলিকাতা থানা ভবানীপুর, সাবরেজেষ্ট্রী আলিপুরের অধীনে ৯৭এ হরিশ মুখাজর্জী রোড প্রেমিসেসের একতলায় পূর্ব্বদিকের ঘর খানি এবং দক্ষিন পূর্ব্বদিকে ছোট ঘর খানি এবং একতলায় পশ্চিম দিকে কলতলা ও পায়খানা জীবন কালতক ভোগদখলের অধিকার যুক্ত সম্পত্তি হইতেছে ।

সাক্ষী ঃ-

১। মিসেস. অরুণিমা মিত্র
এ্যাডভোকেট
আলীপুর জাজেস-কোর্ট
২। শ্রীগুরুপ্রসাদ সেন
৯/১ মাধব চ্যাটার্জী লেন
কলিকাতা ২০
৩। [illegible] চক্রবর্তী
এ্যাডভোকেট
১১৪/৩বি, [illegible] রোড
কলিকাতা ২৬

টাইপ- কারক -
শ্রীমদন মোহন ঘোষ।
আলিপুর জজ কোর্ট ।

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
24 PARGANAS, ALIPORE

District Sub-Registrar
Alipore, 24-Parganas
17.9.23

ইং ১৯৮৪ । ১৭ই ফেব্রুয়ারী

বাং ১৩৯০ । ৪ঠা ফাল্গুন

ফ্যামিলী সেটেলমেনট
বা
পারিবারিক বন্দোবস্ত

সেটলার :- শ্রীমতী চারু বালা সেন
সাং ৯৭এ নং হরিশ
মুখার্জ্জী রোড,
কলিকাতা-

এবং

ট্রাস্টী :- ১। শ্রীমতী চারু বালা সেন
২। শ্রী নির্ম্মল চন্দ্র সেন
৩। শ্রী শরৎ চন্দ্র সেন
৪। শ্রীমতী রেনুকা সেন
সর্ব্ব সাং ৯৭এ নং হরিশ
মুখার্জ্জী রোড,
কলিকাতা।

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR 24-PARGANAS, ALIPORE

District Sub-Registrar, Alipore, 24-Parganas
17.2.84

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR 24-PARGANAS, ALIPORE

Book I
Volume No 210
Pages 218
Being No 2243
for the year 19 84